# হালুয়াঘাট উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মাহমুদুল হক সায়েম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
হালুয়াঘাট, ময়মনসিংহ।

সভার স্থান ঃ গাবরাখালী গারো পাহাড় পর্যটন কেন্দ্র
হালুয়াঘাট, ময়মনসিংহ।

সভার তারিখ ঃ ২৮ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিঃ, সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে হালুয়াঘাট উপজেলাকে একটি মডেল উপজেলা হিসেবে গড়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। অতপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট কে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট সকলকে শুভেচ্ছা, স্বাগত ও ধন্যবাদ জানান এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কার্যবিবরণীতে কোন সংযোজন/বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, সকলের প্রচেষ্টায় গাবরাখালী গারো পাহাড় পর্যটন কেন্দ্র এগিয়ে যাচ্ছে। তিনি গাবরাখালী গারো পাহাড় পর্যটন কেন্দ্রের সার্বিক উন্নয়নে প্রত্যেক সরকারি দপ্তর কে বিশেষ অবদান করার জন্য সভার মাধ্যমে আহ্বান জানান।

২। বিভাগীয় কার্যক্রমের উপর আলোচনা ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১ | ক. ডাঃ মুনীর আহমেদ, উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, হালুয়াঘাট সভায় জানান যে, করোনা ভাইরাস থেকে বাঁচতে হলে ভ্যাকসিন গ্রহণ করতে হবে, ভ্যাকসিনের কোন বিকল্প নেই। হালুয়াঘাট এ ভ্যাকসিন নেয়ার প্রবণতা কম। তিনি সভার মাধ্যমে সকলকে ভ্যাক গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান যে, আজ আমাদের খুশির দিন হালুয়াঘাট হাসপাতালে নতুন ডাক্তারগণের আগমন ঘটেছে। এ ছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।<br>খ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, হালুয়াঘাট উপজেলার অধিকাংশ কমিউনিটি ক্লিনিক সময়মত খোলা থাকে না। প্রায় সময় বন্ধ থাকে এতে করে অত্র অঞ্চলের সাধারণ মানুষ চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে মর্মে প্রায় সময় মানুষ বিভিন্ন অভিযোগ করছে বলে তিনি সভায় অবহিত করেন। তিনি কমিউনিটি ক্লিনিক নিয়মিত যাতে খোলা হয় এবং নিয়মিত কমিউনিটি ক্লিনিক পরিদর্শন এবং সিএইচসিপিদের নিয়ে নিয়মিত বসার জন্য তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাকে অনুরোধ জানান।<br>গ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায় জানান যে, প্রায় সময়ই একটি অভিযোগ শুনা যায় যে, হালুয়াঘাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ইনাজেন্সি মোবাইল নম্বর-০১৭৩০-৩২৪৫২৫ নম্বরটি বন্ধ থাকে। এতে করে সাধারণ মানুষ ইমাজেন্সি স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত হচ্ছে। তাছাড়া হাসপাতালে আগত সেবা প্রার্থীরা যাতে নির্বিঘ্নে সেবা পায় সে লক্ষে নতুন এ্যাম্বুলেন্সের পাশাপাশি পুরাতন এ্যাম্বুলেন্সটি দ্রুত মেরামত করার জন্য সভায় প্রস্তাব করেন।<br>ঘ. উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পুরাতন এ্যাম্বুলেন্সের সচল রাখার জন্য জ্বালানী তৈলের বরাদ্দের জন্য পত্র প্রেরণ এবং হালুয়াঘাট উপজেলায় ৩টি কমিউনিটি ক্লিনিক কম থাকায় ৩টি কমিউনিটি ক্লিনিক স্থাপন করার জন্য তিনি উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, হালুয়াঘাট কে অনুরোধ জানান।<br>ঙ. উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, গত ১৮ অক্টোবর, ২০২১ খ্রি. তারিখে স্মারক নং-৪৬.৪৫.৬১২৪.০০১.০০.০০২.২১.১৪৯ মূলে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কোয়ার্টারে বসবাসরতদের জানুয়ারি/২০১৯ হতে সেপ্টেম্বর/২০২১ এ মাসভিত্তিক ভাড়া আদায়ের তথ্য প্রেরণ করার জন্য পত্র প্রেরণ হয়েছিল কিন্তু অদ্যাবধি পর্যন্ত পত্রের চাহিত তথ্য পাওয়া যায়নি। এতে প্রতীয়মান হয় যে স্বচ্ছতার সহিত বাসা ভাড়া কর্তন করা হচ্ছে না এবং বাসা যদি কনডেমড ঘোষণা না হয় তাহলে শতভাগ বাসা ভাড়া কর্তন করার জন্য অনুরোধ জানান। | ১.কমিউনিটি ক্লিনিকের হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি)গণ নিয়মিত কমিউনিটি ক্লিনিকগুলো চালু রেখে সাধারণ মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগ নিয়মিত চালু রেখে ডাক্তারের উপস্থিতিতে স্বাস্থ্য সেবা প্রদান নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।<br>গ. সভায় বিস্তারিত আলোচনান্তে হাসপাতালে আগত সেবা প্রার্থীরা যাতে নির্বিঘ্নে সেবা পায় সে লক্ষে পুরাতন এ্যাম্বুলেন্সটি দ্রুত মেরামত পূর্বক সরকারি ফি এবং ২টি এ্যাম্বুলেন্সের যোগাযোগ নম্বরসহ দৃশ্যমান স্থানে ব্যানার/ফেস্টুন টানিয়ে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং হালুয়াঘাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ইনাজেন্সি মোবাইল নম্বর-০১৭৩০-৩২৪৫২৫ খোলা রেখে জরুরি স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ. সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পুরাতন এ্যাম্বুলেন্সের সচল রাখা এবং হাসপাতালে আগত রোগীরা যাতে এ্যাম্বুলেন্সের জন্য বিড়ম্বনায় পড়তে না হয় এ জন্য জ্বালানী তৈলের বরাদ্দের জন্য পত্র প্রেরণ হালুয়াঘাট উপজেলায় ৩টি কমিউনিটি ক্লিনিক কম থাকায় ৩টি কমিউনিটি ক্লিনিক স্থাপনের বিষয়ে উর্দ্ধতন কর্মকর্তা বরাবর পত্র প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঙ. সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বসবাসরতদের নিয়মিত ভাড়া কর্তন পূর্বক উপজেলা বাসা ভাড়া তহবিল, সঞ্চয়ী হিসাব- ১৬৭৮, বাংলাদেশ কৃষি ব্যাংক, হালুয়াঘাট শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত এবং দ্রুত সময়ের গত ১৮ অক্টোবর, ২০২১ এ প্রেরিতে ১৪৯ নং স্মারকে প্রেরিত পত্রের তথ্য প্রেরণ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ অফিসার ও সংশ্লিষ্ট সকল, হালুয়াঘাট, ময়মনসিংহ। |
| ২.২ | উপজেলা কৃষি বিভাগ ঃ<br>ক. জনাব মাসুদুর রহমান, উপজেলা কৃষি অফিসার, হালুয়াঘাট নবনির্বাচিত চেয়ারম্যানগণকে অভিনন্দন ও শুভেচ্ছা ও স্বাগত জানান এবং বোরো মৌসুমে ২২৮০০.০০ হেক্টর জমি আবাদ এবং ১৫০০.০০ হেক্টর জমিতে হাইব্রিড আবাদ হয়েছে। তাছাড়া এবার হালুয়াঘাট উপজেলায় ব্যাপক শষার আবাদ হয়েছে এবং কৃষিকে আধুনিয়ান এর জন্য কৃষি ভুতুর্কি প্রদানের সার্কোলার হয়েছে। তাছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | ক. সভায় বিস্তারিত আলোচনান্তে কৃষিকে আরো আধুনিকায়ন এবং যান্ত্রিক করার জন্য সমবায় সমিতি গঠনের মাধ্যমে প্রান্তিক কৃষকের কৃষি কাজের উৎপাদন খরচ কমানোর উপর গুরুত্বারোপ করেন এবং প্রণোদনার অর্থ যেন প্রান্তিক কৃষকরা তা যথাযথ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ. সভায় বিস্তারিত আলোচনার পর সারের কৃত্রিম সংকট রোধ করার জন্য বিশেষ ভাবে নজরদারি বৃদ্ধি করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | ০১। উপজেলা কৃষি অফিসার, হালুয়াঘাট। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.৩ | এলজিইডি ঃ<br>ক. জনাব মোঃ মাফুজুর রহমান, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, হালুয়াঘাট জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে বসবাসরতদের নিরাপত্তার স্বার্থে এবং অভ্যন্তরে রাস্তা নীচু হয়ে যাওয়ায় সরকারি কর্মকর্তা-কর্মচারীদের চলাচলে দুরহ হয়ে পড়ছে বিধায় জরুরি ভিত্তিতে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের অভ্যন্তরে বাউন্ডারি ওয়াল নির্মাণ, উপজেলা পরিষদের অভ্যন্তরে আরসিসি রাস্তাকরণ কাজের প্রাক্কলন সমূহ প্রশাসনিক অনুমোদনের জন্য সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন।<br>খ. জনাব মোঃ মাফুজুর রহমান, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, হালুয়াঘাট সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) আওতায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মেডিকেল ইকুপমেন্ট ও এক্সেসরিজ ক্রয়ের বিল বায়ো মেডিকেল ইঞ্জিনিয়ারিং কর্তৃক নিম্নোক্তভাবে দাখিল করা হয়েছে উক্ত বিলটি প্রদানের জন্য তিনি সভায় প্রস্তাব করেন।<br>গ. উন্নয়ন কর্তৃপক্ষের আওতা বহির্ভূত উপজেলা ও ইউনিয়ন পরিষদের অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত-স্থাপনার নকশা অনুমোদন এবং ভবনের গুণগতমান নিশ্চিতকরণে ফি আদায় সংক্রান্ত নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনা হালুয়াঘাট উপজেলার ১২ টি ইউনিয়ন পরিষদ হতে মানা হচ্ছে না এবং প্রতি তিন মাসে কমিটির ন্যূনতম একটি সভা অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও তা বাস্তবায়িত হচ্ছে না।<br>ভবনের গুনগতমান নিশ্চিতকরণে নিম্নোক্ত কমিটি :<br>০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট-সভাপতি<br>০২। উপজেলা নিবাহী অফিসার, হালুয়াঘাট-সদস্য<br>০৩। সহকারী কমিশনার (ভূমি), হালুয়াঘাট-সদস্য<br>০৪। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, হালুয়াঘাট-সদস্য<br>০৫। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান-সদস্য<br>০৬। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর প্রতিনিধি-সদস্য<br>০৭। ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ এর প্রতিনিধি-সদস্য<br>০৮। ইনস্টিটিউট অব আর্কিটেক্টস, বাংলাদেশ এর প্রতিনিধি-সদস্য<br>০৯। বাংলাদেশ ইনস্টিটিউট অব প্লানারস এর প্রতিনিধি-সদস্য<br>১০। ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স অব বাংলাদেশ এর প্রতিনিধি-সদস্য<br>১১। সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী (সহকারী প্রকৌশলী না থাকলে)-সদস্য সচিব<br>ঙ. তিনি আরও জানান যে, গ্রামীণ সড়কের ধার ঘেঁষে পুকুর বা সেচ নালা সড়কের পার্শ্ব-ঢাল এবং আড়-ঢাল ক্ষতিগ্রস্ত হয়। এসব ক্ষেত্রে সড়ক সীমানার বাইরে ন্যূনতম দূরত্ব বজায় রেখে ভৌত অবকাঠামো উন্নয়ন সম্পর্কিত কার্যক্রম হাতে নেয়া যায়। নিয়মের ব্যত্যয় ঘটিয়ে গ্রামীণ সড়কের ধার ঘেঁষে পুকুর, সেচ নালা খনন করা দেশের প্রচলিত আইন অনুসারে শাস্তিযোগ্য অপরাধ। এ সংক্রান্ত কতিপয় আইন/বিধি-বিধান নিম্নরূপ:<br>১। The Building Construction Act, 1952 ধারা অনুসারে উপর্যুক্ত কর্তৃপক্ষের পূর্বানুমতি ছাড়া কোন পুকুর খনন বা পুনঃখনন করা যাবে না।<br>২। যদি কেউ এমনভাবে পুকুর বা সেচনালা ইত্যাদি খনন করেন যার ফলে ভূমির বা সড়কের বা পথের ব্যবহার বা ভোগদখলের ক্ষেত্রে কোনরূপ অসংগত অসুবিধার সৃষ্টি করে তাহলে কর্তৃপক্ষ The Building Construction Act, 1952 এর ৩খ ধারার (৩) উপধারা অনুযায়ী কর্তৃপক্ষের আদেশ পালনে ব্যর্থ হন তাহলে উক্ত আইনের ১২ দিনের মধ্যে তা অপসারণ, খনন বা পুনঃখনন বন্ধ বা ভরাট করার আদেশ দিতে পারেন।<br>৩। যদি কেউ The Building Construction Act, 1952 এর ৩ ধারার বিধান লঙ্ঘন করেন বা ৩খ ধারা অনুযায়ী কর্তৃপক্ষের আদেশ পালনে ব্যর্থ হন তাহলে উক্ত আইনের ১২ ধারা অনুযায়ী আদালত দোষী ব্যক্তিকে ২ বছর পর্যন্ত কারাদন্ড বা অর্থদন্ড অথবা উভয় ধরনের দন্ডে দন্ডিত করতে পারেন।<br>৪। ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬ এর বিধি ২৮ মোতাবেক নিজ ভূমির কমপক্ষে ১০ (দশ) ফুট অভ্যন্তরে পুকুর বা জলাশয় সীমাবদ্ধ রাখতে হবে। অর্থাৎ সরকারি রাস্তার সীমানার কিনারা হতে কমপক্ষে ১০ ফুট দূরত্বে এবং ৪৫ ডিগ্রি Slope (ঢাল) এ পাড় রেখে পুকুর/জলাশয় খনন করতে হবে।<br>৫। দন্ডবিধি, ১৮৬০ এর ধারা ৪৩১ মোতাবেক সরকারি রাস্তার ক্ষতিসাধন ফৌজদারি দন্ডনীয় অপরাধ। এই আইনে ৫ বছরের কারাদন্ড বা জরিমানা বা উভয় দন্ডে দন্ডিত হওয়ার বিধান রয়েছে।<br>৬। সরকারি ও স্থানীয় কর্তৃপক্ষের ভূমি ও ইমারত (দখল পুনরুদ্ধার) অধ্যাদেশ এর ধারা অনুযায়ী অবৈধভাবে দখলকৃত ভূমির উপর পুকুর নালা বা পুকুর বা পুনঃখনন করলে জেলা প্রশাসক উক্ত নালা বা পুকুর ৩০ দিনের মধ্যে অপসারণের আদেশ দিতে পারেন। জনস্বার্থে গুরুত্ব বিবেচনায় তিনি ক্ষেত্র বিশেষে ৭ দিনের মধ্যেও অপসারণের আদেশ দিতে পারেন। উক্ত রূপ অবৈধ দখলের জন্য ৭ ধারা অনুযায়ী আদালত দোষী ব্যক্তিকে কারাদন্ড বা জরিমানা অথবা উভয় ধরনের দন্ডে দন্ডিত করতে পারেন মর্মে পরিপত্রে উল্লেখ রয়েছে। এ বিষয়টি বহুল প্রচারের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | ক. সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের অভ্যন্তরে বাউন্ডারি ওয়াল নির্মাণ, উপজেলা পরিষদের অভ্যন্তরে আরসিসি রাস্তাকরণ কাজের প্রাক্কলন সমূহ প্রশাসনিক অনুমোদনের জন্য সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ. সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মেডিকেল ইকুপমেন্ট ও এক্সেসরিজ ক্রয়ের বিল বায়ো মেডিকেল ইঞ্জিনিয়ারিং কে বিল প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ. সভায় বিস্তারিত আলোচনান্তে উন্নয়ন কর্তৃপক্ষের আওতা বহির্ভূত উপজেলা ও ইউনিয়ন পরিষদের অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত-স্থাপনার নকশা অনুমোদন এবং ভবনের গুণগতমান নিশ্চিতকরণে ফি আদায় সংক্রান্ত নির্দেশনা যথাযথ ভাবে মানা এবং দ্রুত সময়ের মধ্যে উক্ত কমিটির একটি সভা আহবান করার জন্য উপজেলা প্রকৌশলী, হালুয়াঘাট কে অনুরোধ জানানো হয়।<br>ঙ. সভায় বিস্তারিত আলোচনান্তে গ্রামীণ সড়কের ধার ঘেঁষে পুকুর বা সেচ নালা সড়কের পার্শ্ব-ঢাল এবং আড়-ঢাল ক্ষতিগ্রস্ত হয়। এসব ক্ষেত্রে সড়ক সীমানার বাইরে ন্যূনতম দূরত্ব বজায় রেখে ভৌত অবকাঠামো উন্নয়ন সম্পর্কিত কার্যক্রম হাতে নেয়া যায়। নিয়মের ব্যত্যয় ঘটিয়ে গ্রামীণ সড়কের ধার ঘেঁষে পুকুর, সেচ নালা খনন করা দেশের প্রচলিত আইন অনুসারে শাস্তিযোগ্য অপরাধ এ বিষয়টি সকলকে মানার বাধ্যকরার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ. সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থ হতে বাস্তবায়নের নিমিত্তে প্রকল্প সমূহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং প্রকল্পের গুণগত মান বজায় রেখে দ্রুত সময়ের মধ্যে প্রকল্প কাজ বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নিবাহী অফিসার, হালুয়াঘাট।<br>২। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: | | |
| | ক. জনাব মোহাম্মদ আলাল উদ্দিন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, হালুয়াঘাট উপজেলার অবশিষ্ট ৪৭টি ভূমিহীন পরিবার পুনর্বাসনের লক্ষ্যে নির্ধারিত ৭টি স্পটের মধ্যে ৩টি স্পটে মাটি ভরাট প্রয়োজন বিধায় প্রাক্কলন তৈরি করে ইতোমধ্যে আশ্রয়ন-২ প্রকল্প বরাবর প্রেরণ করা হয়েছে। ৩য় পর্যায়ে বরাদ্দকৃত ৪০ টি গৃহ উপজেলার জুগলী ইউনিয়নের সংড়া, গাজিরভিটা ইউনিয়নের সমনিয়াপাড়া, গাবরাখালী ও বেলতলী স্পটে নির্মিত হচ্ছে। তাঁর দপ্তরের স্বাভাবিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকীতে মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের মাঝে ভূমি সহ গৃহ প্রদান কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হালুয়াঘাট ।<br>৩। ইউ.পি. চেয়ারম্যান (সংশ্লিষ্ট) |
| ২.৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ | | |
| | ক. ডাঃ তারেক আহমেদ, উপজেলা প্রাণিসম্পদ অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে জানুয়ারি/২০২২ মাসে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে নিম্নরূপ কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে জানুয়ারি/২০২২ মাসে ০৫টি ইউনিয়নে মোট ৫৩২০টি গবাদিপ্রাণিকে সংক্রামক রোগের টিকা প্রদান করা হয়েছে ২) পোল্ট্রি খামারিদের মাঝে হাঁস-মুরগির রানীক্ষেত এবং ডাকপ্লেগ রোগের মোট ৩৩০০০ মাত্রা টিকা বিতরণ করা হয়েছে ৩) গবাদি প্রাণির চিকিৎসা করা হয়েছে ২৮০৮টি ৪) হাঁস-মুরগির চিকিৎসা করা হয়েছে ২১৩১০টি ৫) ১২টি ইউনিয়নে মোট ১২৫ টি গাভী ও বকনা গরুকে কৃত্রিম প্রজনন করা হয়েছে ০৬) কৃত্রিম প্রজনন ও টিকা বীজ বিক্রয় করে সরকারি রাজস্ব জমা হয়েছে ১৫,৯০০/- টাকা।<br><br>খ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের কর্মরত মাঠ কর্মীদের নিয়মিত ইউনিয়ন পরিষদের অবস্থান করে গবাদি প্রাণিকে চিকিৎসা সেবা অব্যাহত রাখতে হবে এবং কৃষকের কাছ থেকে বীজের দাম বেশি নেয়া যাবে না। এ বিষয়টি মনিটরিং করার জন্য তিনি উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হালুয়াঘাট কে সভার মাধ্যমে আহ্বান জানান। | ১) হাঁস/মুরগীর এভিয়েন ইনফ্লুয়েঞ্জা /বার্ডফ্লুতে আক্রান্ত না হয় সে দিকে খেয়াল রেখে টিকা প্রদান কর্মসূচি গ্রহণসহ প্রয়োজনীয় ঔষধ সরবরাহ নিশ্চিত এবং আগত সেবাপ্রার্থীকে সঠিক চিকিৎসা ও পরামর্শ দিয়ে সহযোগিতা করতে হবে।<br>২) গবাদি পশু ও হাঁস মুরগীর খাদ্য, ফিড মিল ও ঔষধের দোকানের তালিকা প্রস্তুত করার জন্য অনুরোধ করা হলো।<br>খ. সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের কর্মরত মাঠ কর্মীগণ নিয়মিত ইউনিয়ন পরিষদের অবস্থান করে গবাদি প্রাণিকে চিকিৎসা সেবা অব্যাহত রাখতে হবে এবং কৃষকের কাছ থেকে বীজের দাম বেশি না নেয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট,<br>২। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হালুয়াঘাট। |
| ২.৬ | উপজেলা শিক্ষা বিভাগ ঃ | | |
| | ক. জনাব স্বপন কুমার সূত্রধর, উপজেলা শিক্ষা অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, করোনা ভাইরাস প্রাদুর্ভাবকালীন সময়ে স্কুল বন্ধ রয়েছে এবং অনলাইনের মাধ্যমে শ্রেণি পাঠদান কার্যক্রম চালু রয়েছে। এছাড়াও স্কুলের শিক্ষক শিক্ষিকার মাধ্যমে ছাত্র-ছাত্রীর বাড়িতে গিয়ে বিস্কুট বিতরণ করা হয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন। তাছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১. সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা শিক্ষা কমিটিকে নতুন করে আপডেট ও কার্যকর করা এবং নিয়মিত এর সভা অনুষ্ঠানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাথমিক শিক্ষার সামাজিক বিষয়গুলোকে সর্বাধিক গুরুত্ব এবং নিয়মিত উপজেলা শিক্ষা কমিটির সভা আহ্বানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার,হালুয়াঘাট।<br>২। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট।<br>৩। উপজেলা শিক্ষা কর্মকর্তা,হালুয়াঘাট,<br>৪। উপজেলা সহকারী শিক্ষা অফিসার (সকল)। |
| ২.৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ: | | |
| | ক. জনাব মোঃ দেলোয়ার হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, শিক্ষার্থীদের জন্য নিবন্ধন সনদ ব্যবহার করে সুরক্ষা অ্যাপসে টিকার নিবন্ধন পূর্বক সনদ গ্রহণ করার নির্দেশনা ইতোপূর্বেই প্রদান করা হয়েছে। তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | ১. করোনাকালীন সময়ে স্কুলের কোমলমতি ছাত্র-ছাত্রীদের মানষিক ভাবে চাঙ্গা করার লক্ষ্যে অনলাইন ক্লাশের পরিধি বৃদ্ধি করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। বাল্য বিবাহ রোধে প্রত্যেক স্কুলে আলোচনা অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হালুয়াঘাট ও সংশ্লিষ্ট সকল।<br>২। উপজেলা একাডেমিক সুপারভাইজার, হালুয়াঘাট |
| ২.৮ | উপজেলা মৎস্য বিভাগঃ | | |
| | উপজেলা মৎস্য অফিসার, হালুয়াঘাট প্রতিবেদনের মাধ্যমে জানান যে, মৎস্য সম্পদ সংরক্ষণ ও উন্নয়ন, জনগণের মধ্যে ব্যাপক গণসচেতনতা সৃষ্টি ও উদ্বুদ্ধকরণ এবং সপ্তাহটি সফল বাস্তবায়নে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তাছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | ক. গৃহীত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়।<br>খ. মৎস্য চাষ উন্নয়নে আধুনিক প্রযুক্তি গ্রহণের মাধ্যমে মৎস্য চাষ কার্যক্রম জোরদার করতে হবে। | ১। উপজেলা মৎস্য অফিসার, হালুয়াঘাট। |
| ২.৯ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ | | |
| | ক. উপজেলা মহিলা বিষয়ক অফিসার, হালুয়াঘাট প্রতিবেদনের মাধ্যমে জানান যে, তাঁর কার্যালয়ে ভিজিডি কার্যক্রম, ক্ষুদ্র ঋণ কার্যক্রম, স্বেচ্ছাসেবী সংগঠন সমূহের কার্যক্রম, বাল্যবিবাহ প্রতিরোধ, যৌতুক রোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত প্রভৃতি কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে।<br>খ. উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট সভায় জানান যে, বাল্য বিবাহ নিরুৎসাহিত করার জন্য আমাদের নিজ নিজ অবস্থান থেকে একটি বলয় তৈরি করতে হবে এবং জনগণকে বাল্য বিবাহের কুফল সম্পর্কে ধারণা দিতে হবে। | ক. নারী নির্যাতন, বাল্য বিবাহ ও যৌতুক প্রতিরোধকল্পে সচেতনতামূলক উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>খ. বাল্য বিবাহ রোধে তাঁকে আরও দায়িত্বশীল ভূমিকা রাখার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হালুয়াঘাট।<br>২। চেয়ারম্যান, সকল ইউ.পি., হালুয়াঘাট, ময়মনসিংহ। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১০ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ: | | |
| | ক. উপজেলা পঃপঃ অফিসার, হালুয়াঘাট এর পক্ষে জনাব বিনয় রঞ্জন চাকমা, সহকারী উপজেলা পঃপঃ কর্মকর্তা, হালুয়াঘাট সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। অত্র হালুয়াঘাট উপজেলায় জানুয়ারি/২০২২ খ্রি. মাসে মাসিক অগ্রগতির প্রতিবেদন (CAR) রিপোর্ট অনুযায়ী ৬৭৯৯৫ জন সক্ষম দম্পতিদের মধ্যে পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৫৩৯৬৬ জন এবং হার ৭৯.৩৭% জানুয়ারি/২০২২ খ্রি. মাসে স্থায়ী ও অস্থায়ী দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহীতার সংখ্যা নিম্নে উল্লেখ করা হলো ঃ (১) স্থায়ী পদ্ধতি গ্রহীতার সংখ্যা পুরুষঃ ০ জন, (২) স্থায়ী পদ্ধতি গ্রহীতার সংখ্যা মহিলাঃ ০৮ জন, (৩) অস্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি ইমপ্ল্যান্ট গ্রহীতার সংখ্যা ঃ ৩২ জন (৪) অস্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি কপারটি (I.U.D) গ্রহীতার সংখ্যাঃ ০৮ জন। তাছাড়া পরিবার কল্যাণ সহকারীদের মাঠ কর্মসূচী অনুযায়ী বাড়ী পরিদর্শন, পরিবার পরিকল্পনার অস্থায়ী জন্মবিরতিকরণ সামগ্রী নিয়মিতভাবে বিতরণ চলছে। পরিবার পরিকল্পনা পরিদর্শকগণ মাঠ কার্যক্রম যথারীতি তদারকি, মাসিক মিটিং সম্পন্ন করছে। সকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে উপ-সহকারী কমিডিনিটি মেডিক্যাল অফিসার ও পরিবার কল্যাণ পরিদর্শিকাদের সমন্বয়ে মা ও শিশু স্বাস্থ্যসহ সাধারণ রোগীদের নিয়মিত সেবাদান কার্যক্রম এবং আর.ডি ক্লিনিকসমূহে পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ মা ও শিশু স্বাস্থ্যসহ সাধারণ রোগীদের নিয়মিত সেবাদান কার্যক্রম করে যাচ্ছে। প্রত্যেক ইউনিয়নে পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ মা ও শিশু স্বাস্থ্যসহ সাধারণ রোগীদের নিয়মিত সেবাদান কার্যক্রম করে যাচ্ছে। প্রত্যেক ইউনিয়নে পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ তাদের স্যাটেলাইট ক্লিনিক প্রোগ্রাম অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম চালিয়ে যাচ্ছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র খোলা রয়েছে। অত্র হালুয়াঘাট উপজেলায় স্বেচ্ছাসেবীগণ স্বাভাবিক কাজ করে যাচ্ছে। উপ-সহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার ০২ জন ও পরিবার কল্যাণ পরিদর্শিকা ০৯ জন শূন্য রয়েছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র খোলা হয়েছে। বর্তমানে করোনা ভাইরাস ৩য় ঢেউয়ের বৃদ্ধির আশঙ্কায় পরিবার পরিকল্পনা বিভাগের স্বাস্থ্য বিধি মেনে বার বার পানি দিয়ে হাত ধোয়া, নাক ও চোখ স্পর্শ থেকে বিরত থাকা, মাস্ক ব্যতীত অফিসে প্রবেশ না করা এবং সামাজিক দূরত্ব বজায় রেখে মাঠে সেবা প্রদান করা। সর্দি জ্বরে আক্রান্ত ব্যক্তি থেকে কমপক্ষে ১ মিটার বা ৩ ফুট নিরাপদ দূরত্ব থাকা। পূর্বে পরিবার পরিকল্পনা বিভাগের প্রত্যেক ইউনিয়ন ভিত্তিক মাঠকর্মীর করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধ কমিটি গঠন ও সাধারণ মানুষ কোভিড-১৯ রোগ সম্পর্কে সচেতনতামূলক প্রচারণা অব্যাহত আছে। | ১.জনসংখ্যা বৃদ্ধিরোধকল্পে উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ হতে প্রদত্ত সেবাগুলোর বিষয়ে গণমানুষকে ব্যাপকভাবে সুফল সম্পর্কে অবহিত করতে হবে যাতে করে তারা এ পদ্ধতি গ্রহণে উদ্বুদ্ধ হতে পারে।<br>২.মাঠ পর্যায়ে নিয়োজিত সেবা প্রদানকারীগণের কার্যক্রমের উপর সার্বক্ষণিক পরিদর্শন কাজ অব্যাহত রাখতে হবে।<br>৩.সরকারি লক্ষ্য মাত্রানুযায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি প্রদান কার্যক্রম ব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার ও সংশ্লিষ্ট সকল। |
| ২.১১ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ | | |
| | ক. উপজেলা যুব উন্নয়ন অফিসার, হালুয়াঘাট জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে এবং নিয়মত কাজের বাইরে মুজিববর্ষে গৃহহীন ও ভূমিহীন পুনর্বাসিত পরিবারের জীবনমান উন্নয়নে যুব মহিলা ও পুরুষদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | ১. আত্মকর্মসংস্থানমূলক কার্যক্রমসহ গৃহীত অন্যান্য সকল কর্মসূচির সফল বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা যুব উন্নয়ন অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ। |
| ২.১২ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ | | |
| | ক. জনাব মোহাম্মদ এনামুল হক, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হালুয়াঘাট সভায় জানান যে,তার দপ্তরের বাস্তবায়নাধীন কর্মসূচি ও প্রকল্প সমূহ সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তাঁর দপ্তরে বর্তমানে ৯টি প্রকল্প চলমান রয়েছে। তন্মধ্যে ১৫৬টি গভীর নলকূপ আছে। সচল রয়েছে ৯২টি। অবশিষ্ট মেশিনগুলো মেরামতের সুপারিশ করা হয়েছে। ৯টি প্রকল্পে মোট ঋণ প্রদান ২০ কোটি ৯৯ লক্ষ টাকা। মোট ঋণ আদায় হয়েছে ১৮ কোটি ৭০ লক্ষ টাকা। মাঠে বকেয়া আছে ২ কোটি ২৯ লক্ষ টাকা। আদায়ের গড় হার ৮৯%। করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে মাঠ পর্যায়ে সামান্য সমস্যা দেখাছে। সকলের সনম্বিত সহযোগিতার মাধ্যমে তা উত্তরণ সম্ভব। উল্লেখ্য যে, ব্যাংক ঋণ, নিজস্ব তহবিল এবং মহিলা উন্নয়ন অনুবিভাগ প্রকল্প হতে প্রদানকৃত ঋণ বিতরণ ও আদায় ১০০% অর্জিত হয়েছে। অপ্রধান শস্য প্রকল্পের আওতায় নতুন করে ৯৪ জন কৃষক কৃষাণীকে ১৪ লক্ষ ১৬ হাজার টাকা ঋণ বিতরণ ও বিভিন্ন কাজের বীজের সুবিধা প্রদান করা হয়েছে। | ১। বিআরডিবি বিভাগের সমিতিভুক্ত সদস্যদেরকে সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতার কুফল সম্পর্কে সচেতনতামূল আলোচনা অব্যাহত রাখতে হবে।<br>২। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে আরও গতিশীল করতে হবে।<br>৩। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে নিয়োজিত মাঠকর্মীদের কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করতে হবে।<br>৪। ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রমে সক্রিয় ভূমিকা পালন করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট।<br>২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, হালুয়াঘাট। |
| ২.১৩ | উপজেলা সমাজসেবা বিভাগ ঃ | | |
| | ক. উপজেলা সমাজসেবা অফিসার, হালুয়াঘাট প্রতিবেদনের মাধ্যমে জানান যে, তাঁর দপ্তর হতে বয়স্কভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধীভাতা, মুক্তিযোদ্ধাদের সম্মানীভাতা ও প্রতিবন্ধী ছাত্র/ ছাত্রীদের উপবৃত্তি প্রদান কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>খ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট জানান যে, বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে সরকার বদ্ধ পরিকর এবং এই অঙ্গীকার বাস্তবায়নে দেশের বয়োজ্যেষ্ঠ দুস্থ ও স্বল্প উপার্জনক্ষম অথবা উপার্জনে অক্ষম বয়স্ক জনগোষ্ঠীর সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা'র টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে উপকারভোগীর একাউন্টে ঢুকলেও এই টাকা হাতিয়ে নিচ্ছে ৩য় পক্ষ এবং উপকারভোগীগণ টাকা পাচ্ছেন না, যা খুবই দুঃখজনক এবং অনাকাঙ্খিত। এতে করে দুস্থ ও স্বল্প উপার্জনক্ষম অথবা উপার্জনে অক্ষম ব্যক্তিগণ ক্ষতিগ্রস্ত হচ্ছে বলে সভায় অভিমত ব্যক্ত করেন। | ১. সকল প্রকার ভাতা বিতরণ কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যেই শেষ করতে হবে।<br>২.মাঠ পর্যায়ে কর্মরত মাঠকর্মীদের কাজ সার্বক্ষণিক তদারকি করতে হবে।<br>খ. সভায় বিস্তারিত আলোচনান্তে বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা'র টাকা যাতে ৩য় পক্ষ/অন্য কেউ উত্তোলন করতে না পারে সে ক্ষেত্রে বাস্তবভিত্তিক পর্যালোচনা পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ময়মনসিংহ বরাবর পত্র প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার, হালুয়াঘাট<br>৩। ইউ.পি. চেয়ারম্যান (সকল), হালুয়াঘাট। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১৪ | উপজেলা সমবায় বিভাগ : | | |
| | ক. জনাব মোহাম্মদ কামরুল হুদা, উপজেলা সমবায় কর্মকর্তা উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক নিয়মে এগিয়ে চলছে। সমবায় অধিদপ্তর কর্তৃক পরিচালিত "গারো সম্প্রদায়ের জীবন যাত্রার উন্নয়ন প্রকল্পে" ১০টি সমবায় সমিতির ৪০০ জন উপকারভোগীকে ৮০,০০,০০০/- (আশি লক্ষ) টাকা ঋণ প্রদান করা করে ঘূর্ণায়মান তহবিল হিসেবে ২৯১৮০০০০/- টাকা দাদন করে আসল ২১২৩৮৫২০/- টাকা আদায় করা হয়েছে। এছাড়াও আমার বাড়ি আমার খামার (৪র্থ সংশোধনী) প্রকল্পের আওতায় সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র-তাত্ত্বিক জনগোষ্ঠীর জীবনযাত্রার উন্নয়ন কম্পোনেন্টে। অত্র কার্যালয়ে বাস্তবায়িত হচ্ছে মোট ৫টি সমবায় সমিতি গঠন করে শেয়ার, সঞ্চয় আদায় করে মূলধন গঠন করা হচ্ছে এবং সরকারি অনুদান (প্রকল্প হতে) ২৬২৭৩০০/- টাকা পাওয়া গিয়াছে এবং ২০৯ জন সদস্যদের ঋণ হিসাবে ইতিমধ্যে তা বিতরণ করা হয়েছে এবং ১০১ জনকে আবর্তক তহবিল হতে ২০২০০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। আদায় অব্যাহত রয়েছে। | সমবায় বিভাগ হতে এ অঞ্চলের গণমানুষকে সেবা প্রদানের কাজ অব্যাহত রাখতে হবে।<br>ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে আরো গতিশীলতা আনয়ন করতে হবে।<br>আমতৈল আশ্রয়ন (ফেইজ-২) প্রকল্পের উপকারভোগীদের আরও নিবিড় ভাবে পর্যবেক্ষণ করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ। |
| ২.১৫ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ঃ | | |
| | ক. জনাব মেহেদী হাসান, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), হালুয়াঘাট সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২০-২০২১ খ্রিঃ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি এর আওতায় হালুয়াঘাট উপজেলায় ৩১২ টি নলকূপ স্থাপনের কাজ শেষ পর্যায়ে রয়েছে। এ ক্ষেত্রে তিনি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ সকলের সহযোগিতা কামনা করেন। | হালুয়াঘাট উপজেলায় অনুমোদিত নলকূপ স্থাপন সঠিক ভাবে ও দ্রুত গতিতে শেষ করার জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), হালুয়াঘাট। |
| ২.১৬ | ফায়ার সার্ভিসঃ | | |
| | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, হালুয়াঘাট সভায় জানান যে, তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আন্তরিকতার সাথে সকল কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ হলো। | ১। স্টেশন অফিসার ফায়ার সার্ভিস, হালুয়াঘাট। |
| ২.১৭ | হালুয়াঘাট পৌরসভা ঃ | | |
| | জনাব খায়রুল আলম ভূঞা, মেয়র, হালুয়াঘাট পৌরসভা প্রতিবেদনের মাধ্যমে জানান যে, হালুয়াঘাট পৌরসভাস্থিত বিভিন্ন ড্রেইন এবং রাস্তার পাশে ময়লা আবর্জনা পরিস্কারের কার্যক্রম নিয়মিত চলমান রয়েছে। এছাড়াও মশক নিধন কার্যক্রম অব্যাহত রয়েছে। তাছাড়া পৌরসভার অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | মেয়র, হালুয়াঘাট পৌরসভার প্রস্তাব গুরুত্ব সহকারে বিবেচনা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মেয়র, হালুয়াঘাট পৌরসভা, হালুয়াঘাট। |
| ২.১৮ | উপজেলা ভাইস চেয়ারম্যান ঃ | | |
| | ক. জনাব শাখাওয়াত হোসেন ফকির, উপজেলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট প্রতিবেদনের মাধ্যমে জানান যে, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (পুনঃপ্রবর্তন আইন, ২০০৯ ও সংশোধিত আইন, ২০১১) এর ২৯(১) ধারার বিধান অনুযায়ী, উপজেলা পরিষদের কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য ১৭টি কমিটি গঠন করা হয়েছে। কিন্তু স্থায়ী কমিটির সভা নিয়মিত না হওয়ায় উপজেলা পরিষদের কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে, বিধায় এখন হতে বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত স্থায়ী কমিটির সভা আহ্বান করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। এছাড়াও গত মে/১৯ হতে ফেব্রুয়ারি/২০২২ খ্রি. পর্যন্ত টি.এ/ডিএ প্রদান করার জন্য সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা ভাইস চেয়ারম্যান এর মে/১৯ হতে ফেব্রুয়ারি/২০২২ খ্রি. পর্যন্ত টি.এ/ডিএ প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট।<br>২। বিভাগীয় প্রধান (সকল)<br>৩। উপজেলা ভাইস চেয়ারম্যান। |
| ২.১৯ | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ঃ | | |
| | ক. উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট প্রতিবেদনের মাধ্যমে জানান যে, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (পুনঃপ্রবর্তন আইন, ২০০৯ ও সংশোধিত আইন, ২০১১) এর ২৯(১) ধারার বিধান অনুযায়ী, উপজেলা পরিষদের কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য ১৭টি কমিটি গঠন করা হয়েছে। কিন্তু স্থায়ী কমিটির সভা নিয়মিত না হওয়ায় উপজেলা পরিষদের কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে, বিধায় এখন হতে বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত স্থায়ী কমিটির সভা আহ্বান করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন।<br>খ. তিনি আরও জানান যে,উপজেলা পর্যায়ে সামগ্রিক নারী জনপ্রতিনিধিদের অংশগ্রহণ বৃদ্ধি, পরিষদের সামগ্রিক কার্যক্রম অধিকতর কার্যকর ও নারীবান্ধব করা, প্রতিনিধিদের দক্ষতা বৃদ্ধি ও জেন্ডার সংবেদনশীল করা এবং পরিষদের নারীবান্ধব পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে নারী উন্নয়ন ফোরাম পরিচালন বিষয়ক নির্দেশিকা পাওয়া গিয়াছে। তিনি সকলকে এ বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান। এছাড়াও গত মে/১৯ হতে ফেব্রুয়ারি/২০২২ খ্রি. পর্যন্ত টি.এ/ডিএ প্রদান করার জন্য সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ. সভায় বিস্তারিত আলোচনান্তে নারী উন্নয়ন ফোরাম কে কার্যকরী করণের জন্য নিবন্ধন করাসহ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর মে/১৯ হতে ফেব্রুয়ারি/২০২২ খ্রি. পর্যন্ত টি.এ/ডিএ প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। বিভাগীয় প্রধান সকল<br>২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হালুয়াঘাট।<br>৩। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান। |
| ২.২০ | ভূবনকুড়া ইউ.পি. ঃ | | |
| | জনাব মোঃ সুরুজ মিয়া, চেয়ারম্যান, ১ নং ভূবনকুড়া ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, ভূবনকুড়া সীমান্তবর্তী এলাকায় ভারতীয় বন্য হাতির উপদ্রব স্থায়ী ভাবে বন্ধ করার জন্য তিনি সভায় প্রস্তাব এবং ভূবনকুড়া ইউনিয়নে ১টি কমিউনিটি ক্লিনিকের জায়গা দেয়া হলেও এখন পর্যন্ত কাজ শুরু হয়নি বিধায় জরুরি ভিত্তিতে অত্র এলাকার মানুষের স্বাস্থ্যের কথা বিবেচনা পূর্বক কমিউনিটি ক্লিনিক নির্মাণ কাজ শুরু করার জন্য সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ভারতীয় বন্য হাতির উপদ্রবে সীমান্তবর্তী এলাকায় উপদ্রব স্থায়ী ভাবে বন্ধ করার জন্য সিদ্ধান্ত গৃহীত এবং ভূবনকুড়া ইউনিয়নে জমি প্রদানকৃত কমিউনিটি ক্লিনিকের নির্মাণ কাজ শুরু করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট।<br>২। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, হালুয়াঘাট<br>৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা হালুয়াঘাট।<br>৪। চেয়ারম্যান, ভূবনকুড়া ইউ.পি |
| ২.২১ | জুগলী ইউ.পি. ঃ | | |
| | জনাব মোহাম্মদ ছামাদুল হাসান, চেয়ারম্যান, ২ নং জুগলী ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট সকলকে অভিনন্দন ও শুভেচ্ছা জানান এবং কালাপাগলা বাজারে একটি শেডঘর নির্মাণ করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। এছাড়াও জুগলী ইউনিয়নের বিভিন্ন রাস্তা ভেঙ্গে যাওয়ায় জরুরি ভিত্তিতে উক্ত রাস্তাগুলো মেরামতের জন্য সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নে অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, জুগলী ইউনিয়নের প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট।<br>২। চেয়ারম্যান, জুগলী ইউ.পি.<br>৩। ইউ.পি. সচিব |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.২২ | কৈচাপুর ইউ.পি. ঃ<br>জনাব জাহিদ আহমেদ সারোয়ার জাহান, চেয়ারম্যান, ৩ নং কৈচাপুর ইউ.পি., হালুয়াঘাট প্রতিবেদনের মাধ্যমে জানান যে, বর্ষায় ইউনিয়নের বিভিন্ন রাস্তা ভেঙ্গে গেছে বিধায় জরুরি ভিত্তিতে ভাঙ্গা রাস্তাগুলো সংস্কার করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, কৈচাপুর ইউ.পি. |
| ২.২৩ | হালুয়াঘাট ইউ.পি. ঃ<br>জনাব মোঃ ইকরামুল হাসান খসরু, প্যানেল চেয়ারম্যান, ৪ নং হালুয়াঘাট ইউ.পি., হালুয়াঘাট সভায় জানান বর্ষায় ইউনিয়নের বিভিন্ন রাস্তা ভেঙ্গে গেছে বিধায় জরুরি ভিত্তিতে ভাঙ্গা রাস্তাগুলো সংস্কার করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট।<br>২। চেয়ারম্যান, হালুয়াঘাট ইউ.পি.<br>৩। ইউ.পি. সচিব |
| ২.২৪ | গাজিরভিটা ইউ.পি. ঃ<br>জনাব মোঃ আবদুল মান্নান, চেয়ারম্যান, ৫ নং গাজিরভিটা ইউ.পি., হালুয়াঘাট সভায় জানান যে, বর্ষায় গাজিরভিটা ইউনিয়নের বিভিন্ন রাস্তা ভেঙ্গে গেছে বিধায় জরুরি ভিত্তিতে ভাঙ্গা রাস্তাগুলো সংস্কার করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া গাজিরভিটা ইউনিয়নের বেশ কয়েকটি বাধ ভেঙ্গে যাওয়ায় বাঁধ সমূহ মেরামত করার জন্য পানি উন্নয়ন বোর্ড, ময়মনসিংহ এ পত্র প্রেরণের জন্য তিনি সভায় প্রস্তাব করেন এবং উপজেলা পরিষদের আজকের সভাটি গাজিরভিটা ইউনিয়নের করার জন্য তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে ও স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পঃপঃ অফিসার, হালুয়াঘাট।<br>২। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট।<br>৩। চেয়ারম্যান, গাজিরভিটা ইউ.পি. |
| ২.২৫ | বিলডোরা ইউ.পি. ঃ জনাব মোঃ সাবজল হোসেন খান, চেয়ারম্যান, ৬ নং বিলডোরা ইউ.পি., সভায় সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান এবং তিনি বলেন যে, বিলডোরা ইউনিয়নের এফডব্লিউসি তে নিয়মিত ডাক্তার বসেনা বিধায় অত্র ইউনিয়নের সাধারণ মানুষ চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে বিধায় উক্ত এফডব্লিউসি তে নিয়মিত ডাক্তার বসার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে ও স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>খ. উপজেলা নিবাহী অফিসার, হালুয়াঘাট বিলডোরা ইউনিয়নের এফডব্লিউসি তে যে কয়দিন ডাক্তার বসেন তা চেয়ারম্যান সাহেব কে জানিয়ে দেয়ার জন্য তিনি উপজেলা পঃপঃ কর্মকর্তা, হালুয়াঘাট কে অনুরোধ জানানো হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা পঃপঃ কর্মকর্তা, হালুয়াঘাট<br>২। চেয়ারম্যান, বিলডোরা ইউ.পি. |
| ২.২৬ | শাকুয়াই ইউ.পি. ঃ জনাব ইউনুস আলী খান, চেয়ারম্যান, ৭ নং শাকুয়াই ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, শাকুয়াই ইউনিয়নের অন্তর্গত জৈনাটি কমিউনিটি ক্লিনিক টি দীর্ঘদিন যাবৎ বন্ধ থাকায় সাধারণ মানুষ স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত হচ্ছে বিধায় জরুরি ভিত্তিতে জৈনাটি কমিউনিটি ক্লিনিকটি চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে ও স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, হালুয়াঘাট।<br>২। চেয়ারম্যান, শাকুয়াই ইউ.পি. |
| ২.২৭ | নড়াইল ইউ.পি.<br>জনাব মোঃ আনোয়ার হোসেন মানিক, চেয়ারম্যান, ৮ নং নড়াইল ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, বর্ষা মৌসুমে ইটাখলা থেকে নড়াইল গামী এলজিইডি'র মাধ্যমে নির্মিত রাস্তাটির অনেক জায়গায় দুইপার্শ্বে ভাঙ্গনের সৃষ্টি হয়েছে। জরুরি ভিত্তিতে রাস্তাটি সংস্কার করণের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ইটাখলা থেকে নড়াইল গামী এলজিইডি'র মাধ্যমে নির্মিত রাস্তাটি জরুরি ভিত্তিতে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, হালুয়াঘাট কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট, । |
| ২.২৮ | জনাব তোফায়েল আহমদ বিপ্লব, চেয়ারম্যান, ৯ নং ধারা ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, ১। কুতিকুড়া কার্পেটিং রাস্তা হতে মনির এর দোকান হইতে কুতুড়া শিরিন এর দোকান পর্যন্ত ১.৫০ কিলোঃ মিটার রাস্তা।<br>২। ধারা বাজার কাচাঁ মহল কার্পেটিং রাস্তা হইতে মাঝিয়াইল সরকারি প্রাঃবিঃ পর্যন্ত -৭০০ মিটার রাস্তা।<br>৩। ধারা নালিতাবাড়ী কার্পেটিং রাস্তা রায়হান তালুকদার এর বাড়ি হইতে চাঁদশ্রী মাদ্রাসা পর্যন্ত ১.০০ কিলো মিটার রাস্তা।<br>৪। হালুয়াঘাট ময়মনসিংহ আর. এইচ. ডি কার্পেটিং রাস্তা বাজার এর ইটভাটা হইতে ধারা কান্দা আরশাদ এর বাড়ী হয়ে মিলগেইট পর্যন্ত ২কিলো মিটার রাস্তা।<br>৫। মাঝিয়াইল জলিল এন্টারপ্রাইজ বাড়ি হইতে ধারা বাজার পর্যন্ত ১ কিলোমিটার রাস্তা।<br>৬। ধারা নালিতাবাড়ী রাস্তা চাঁদশ্রী লেবুর দোকান হইতে কোদালিয়া ব্রীজ পর্যন্ত -২.৫০ কিলো মিটার রাস্তা<br>৭। টিকুরিয়া কার্পেটিং রাস্তা গাতিপাড়া মসজিদ হইতে করুয়াপাড়া আজিজুল মাষ্টারের বাড়ী পর্যন্ত-১.৫০ কিলো মিটার রাস্তা।<br>৮। মাঝিয়াইল অধ্যাপক মাহবুর এর এর বাড়ী হইতে বাড়ী গাও সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত ১ কিলো মিটার রাস্তা সমূহের আইডি না থাকায় রাস্তা সমূহের পাকাকরণ করা যাচ্ছে না বিধায় জরুরি ভিত্তিতে উপরিউক্ত রাস্তা সমূহের নতুন আইডি খোলার বিষয়ে তিনি সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ধারা ইউনিয়নের অন্তর্গত<br>১। কুতিকুড়া কার্পেটিং রাস্তা হতে মনির এর দোকান হইতে কুতুড়া শিরিন এর দোকান পর্যন্ত ১.৫০ কিলোঃ মিটার রাস্তা।<br>২। ধারা বাজার কাচাঁ মহল কার্পেটিং রাস্তা হইতে মাঝিয়াইল সরকারি প্রাঃবিঃ পর্যন্ত -৭০০ মিটার রাস্তা।<br>৩। ধারা নালিতাবাড়ী কার্পেটিং রাস্তা রায়হান তালুকদার এর বাড়ি হইতে চাঁদশ্রী মাদ্রাসা পর্যন্ত ১.০০ কিলো মিটার রাস্তা।<br>৪। হালুয়াঘাট ময়মনসিংহ আর. এইচ. ডি কার্পেটিং রাস্তা বাজার এর ইটভাটা হইতে ধারা কান্দা আরশাদ এর বাড়ী হয়ে মিলগেইট পর্যন্ত ২কিলো মিটার রাস্তা।<br>৫। মাঝিয়াইল জলিল এন্টারপ্রাইজ বাড়ি হইতে ধারা বাজার পর্যন্ত ১ কিলোমিটার রাস্তা।<br>৬। ধারা নালিতাবাড়ী রাস্তা চাঁদশ্রী লেবুর দোকান হইতে কোদালিয়া ব্রীজ পর্যন্ত -২.৫০ কিলো মিটার রাস্তা<br>৭। টিকুরিয়া কার্পেটিং রাস্তা গাতিপাড়া মসজিদ হইতে করুয়াপাড়া আজিজুল মাষ্টারের বাড়ী পর্যন্ত-১.৫০ কিলো মিটার রাস্তা।<br>৮। মাঝিয়াইল অধ্যাপক মাহবুর এর এর বাড়ী হইতে বাড়ী গাও সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত ১ কিলো মিটার রাস্তা সমূহের আইডি না থাকায় রাস্তা সমূহের পাকাকরণ করা যাচ্ছে না বিধায় জরুরি ভিত্তিতে উপরিউক্ত রাস্তা সমূহের নতুন আইডি খোলার বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী হালুয়াঘাট।<br>২। চেয়ারম্যান, ধারা ইউ.পি. |
| ২.২৯ | ধুরাইল ইউ.পি. ঃ<br>জনাব ওয়ারিছ উদ্দিন সুমন, চেয়ারম্যান, ১০ নং ধুরাইল ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট সভায় জানান যে, বর্তমান জনবান্ধব সরকার চিকিৎসাকে অগ্রাধিকার দিয়েছে কিন্তু দুঃখের বিষয় ধুরাইল ইউনিয়নে কমিউনিটি ক্লিনিক না থাকায় সাধারণ মানুষ চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে বিধায় ধুরাইল ইউনিয়নের জনগণের স্বাস্থ্য সেবা কথা বিবেচনা করে জরুরি ভিত্তিতে চক মোকামিয়ায় একটি কমিউনিটি ক্লিনিক স্থাপন করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া ধুরাইল ইউনিয়নের ইছামতি নদীর পাড় ভেঙ্গে যাওয়ায় জরুরি ভিত্তিতে পানি উন্নয়ন, ময়মনসিংহ এ পত্র প্রেরণের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, হালুয়াঘাট।<br>২। চেয়ারম্যান, ধুরাইল ইউ.পি. |
| ২.৩০ | আমতৈল ইউ.পি. ঃ জনাব মোঃ শফিকুর রহমান শফিক, চেয়ারম্যান, ১১ নং আমতৈল ইউ.পি., হালুয়াঘাট প্রতিবেদনের মাধ্যমে জানান যে, নাগলা বাজার থেকে শাকুয়াই রাস্তাটি ভেঙ্গে যাওয়ায় জরুরি ভিত্তিতে রাস্তাটি সংস্কারের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। উপজেলা সমাজসেবা অফিসের মাধ্যমে প্রদানকৃত ভাতা সমূহ বিতরণের সুনিশ্চিত করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তাছাড়া তাঁর ইউনিয়নের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, আমতৈল ইউনিয়ন এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার, হালুয়াঘাট।<br>২। চেয়ারম্যান, আমতৈল ইউ.পি. |
| ২.৩১ | স্বদেশী ইউ.পি. ঃ জনাব মোঃ ইরাদ হোসেন সিদ্দিকী, চেয়ারম্যান, স্বদেশী ইউ.পি. হালুয়াঘাট প্রতিবেদনের মাধ্যমে জানান যে, তাছাড়া স্বদেশী ইউনিয়নের অন্তর্গত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে নিয়মিত কর্মকর্তা-কর্মচারী কেউ না বসায় সাধারণ মানুষ স্বাস্থ্য সেবা বঞ্চিত হচ্ছে বলে তিনি বসাকে অবহিত করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, আমতৈল ইউনিয়ন এর প্রস্তাব গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।<br>২। চেয়ারম্যান, স্বদেশী ইউ.পি. |

*****                    *****                    *****

পরিশেষে সভাপতি এ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ডে জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তাগণের পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে হালুয়াঘাট উপজেলা পরিষদকে সার্বিক সহযোগিতা প্রদান অব্যাহত রাখতে এবং দক্ষতা ও আন্তরিকতার সাথে সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মাহমুদুল হক সায়েম)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হালুয়াঘাট, ময়মনসিংহ।

স্মারক নং-৪৬.৪৫.৬১২৪.০০০.২১.০০১.২২-৬        তারিখঃ ২৮-০২-২০২২ খ্রি.।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ঢাকা।
০৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৬। সিভিল সার্জন, ময়মনসিংহ।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
০৮। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা -২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। প্রধান প্রকৌশলী, বিতরণ কেন্দ্রীয় অঞ্চল, ময়মনসিংহ।
১০। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ।
১১। উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট, ময়মনসিংহ।

অনুলিপি কার্যার্থে ঃ

১। উপজেলা.................................................অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান,...............................................ইউনিয়ন পরিষদ (সকল), হালুয়াঘাট।
৩। জনাব.........................................................................সদস্য, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৪। অফিস কপি।

(মোঃ রেজাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
হালুয়াঘাট, ময়মনসিংহ।

পরিশিষ্ট –'ক'

## অদ্য ২৮-০২-২০২২ খ্রিঃ তারিখ হালুয়াঘাট উপজেলা পরিষদ সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের হাজিরাঃ
## (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রঃনঃ | বিভাগীয় কর্মকর্তার নাম ও পদবী | স্বাক্ষর | ক্রঃন | জনপ্রতিনিধির নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ তৌহিদুর রহমান সহকারী কমিশনার (ভূমি), হালুয়াঘাট | স্বাক্ষরিত/- | ০১. | জনাব শাখাওয়াত হোসেন ফকির, উপজেলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট, হালুয়াঘাট | স্বাক্ষরিত/- |
| ০২. | " মাফুজুর রহমান উপজেলা প্রকৌশলী, হালুয়াঘাট | " | ০২. | জনাব ঝর্ণা ঘোষ, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট, ময়মনসিংহ | " |
| ০৩. | ডাঃ মুনীর আহমেদ উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, হালুয়াঘাট | " | ০৩. | " মোঃ ওয়ারিছ উদ্দিন সুমন, চেয়ারম্যান, ১০ নং ধুরাইল ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট | " |
| ০৪. | জনাব মোঃ মাসুদুর রহমান উপজেলা কৃষি অফিসার, হালুয়াঘাট | " | ০৪. | " আনোয়ার হোসেন মানিক, চেয়ারম্যান, ৮ নং নড়াইল ইউ.পি, হালুয়াঘাট | " |
| ০৫. | " মোহাম্মদ আলাল উদ্দিন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হালুয়াঘাট | " | ০৫. | " ইউনুস আলী খান, চেয়ারম্যান, ৭ নং শাকুয়াই ইউ.পি, হালুয়াঘাট, ময়মনসিংহ। | " |
| ০৬. | " মোঃ আমিনুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), হালুয়াঘাট | " | ০৬. | " মোঃ আব্দুল ওয়াদুদ, সচিব, হালুয়াঘাট পৌরসভা | " |
| ০৭. | " মোঃ আমিনুর রহমান উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, হালুয়াঘাট | " | ০৭. | " মোঃ আবু হানিফ, প্যানেল চেয়ারম্যান, ৩ নং কৈচাপুর ইউ, পি, হালুয়াঘাট | " |
| ০৮. | " আইরিন সুলতানা, সমন্বয়কারী, পল্লী সঞ্চয় ব্যাংক, হালুয়াঘাট | " | ০৮. | " মোঃ মমিন হোসেন, প্যানেল চেয়ারম্যান, | " |
| ০৯. | " মেহেদী হাসান, উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), হালুয়াঘাট | " | ০৯. | " মোঃ ইকরামুল হাসান খসরু, চেয়ারম্যান (ভাঃ), ৪ নং হালুয়াঘাট ইউ.পি. | " |
| ১০. | " সৈয়দ মোহাম্মদ কামরুল হুদা, উপজেলা সমবায় কর্মকর্তা, হালুয়াঘাট | " | ১০. | " মোঃ আব্দুল মান্নান, চেয়ারম্যান, ৫ নং গাজিরভিটা ইউ. পি, হালুয়াঘাট | " |
| ১১. | " মোহাম্মদ এনামুল হক, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হালুয়াঘাট | " | ১১. | " মোঃ সুরুজ মিয়া, চেয়ারম্যান, ১ নং ভূবনকুড়া ইউ..পি | " |
| ১২. | " মোঃ আবু জুলহাস, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হালুয়াঘাট | " | ১২. | " মোঃ ছামাদুল ইসলাম, চেয়ারম্যান, ২ নং জুগলী ইউ.পি. | " |
| ১৩. | " মোঃ শাহজাহান মিয়া, ফায়ার ফাইটার, ফায়ার সার্ভিস অফিস, হালুয়াঘাট | " | ১৩. | " তোফায়েল আহমদ বিপ্লব, চেয়ারম্যান, ৯ নং ধারা ইউ.পি | " |
| ১৪. | " দেলোয়ার, আনসার ভিডিপি প্রশিক্ষক | " | | | |
| ১৫. | " বিনয় রঞ্জন চাকমা, সহঃ পঃপঃ কর্মকর্তা | " | | | |
| ১৬. | " ফারুক আহাম্মদ, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা অফিস, হালুয়াঘাট | " | | | |
| ১৭. | " মোঃ শাহিনুজ্জামান খান, অফিসার ইনচার্জ, হালুয়াঘাট থানা | " | | | |
| ১৮. | " মোঃ দেলোয়ার হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হালুয়াঘাট | " | | | |
| ১৯. | " মোস্তফা নুর আবদীন, সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হালুয়াঘাট | " | | | |
| ২০. | ডাঃ মোঃ মুশফিকুজ্জামান আকন্দ, সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হালুয়াঘাট | " | | | |
| ২১. | ডাঃ নাজিয়া তাসনীম চন্দ্রা, সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হালুয়াঘাট | " | | | |
| ২২. | ডাঃ নাদিয়া আকরাম মিষ্টি, সহকারী সার্জন, সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হালুয়াঘাট | " | | | |
| ২৩ | ডাঃ মোঃ রবিউল ইসলাম শামীম, সহকারী সার্জন, সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হালুয়াঘাট | " | | | |
| ২৪. | ডাঃ পিয়া দাস, সহকারী সার্জন, সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হালুয়াঘাট | " | | | |
| ২৫. | ডাঃ অমীত সাহা, সহকারী সার্জন, সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হালুয়াঘাট | " | | | |
| ২৬. | ডাঃ শাহাদত হোসেন, সহকারী সার্জন, সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হালুয়াঘাট | " | | | |
| ২৭. | ডাঃ নেলসন ফ্রান্সিস পালমা, সহকারী সার্জন, সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হালুয়াঘাট | " | | | |